**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নং:-০৫.৮১.০০০০.০১৩.৩১.০০১.২৩-০৯ | তারিখ:১৮/০১/২০২৩

**বিজ্ঞপ্তি**

**বিষয়: (১) সরকারের অসামরিক খাতের ১৩ হতে ২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারী এবং বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত (১৩ হতে ২০ গ্রেড) কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'**
**(২) সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'র দরখাস্ত আহবান।**

২০২২-২০২৩ অর্থবছরের জন্য (১) সরকারের অসামরিক খাতের ১৩ হতে ২০ গ্রেডে কর্মরত কর্মচারীর (ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বিজিবি ও বাংলাদেশ পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত) ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত (১৩ হতে ২০ গ্রেড) কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি' (২) সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর সন্তানদের 'শিক্ষাবৃত্তি'র জন্য অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনকারীকে দরখাস্ত দাখিলের শর্ত ও নিয়মাবলী অনুসরণ করে **URL: eservice.bkkb.gov.bd** এর মাধ্যমে যথাযথভাবে অনলাইনে আবেদন করতে হবে। দরখাস্ত/আবেদন করার শর্ত ও নিয়মাবলী বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে **(www.bkkb.gov.bd)** পাওয়া যাবে।

১৬ জানুয়ারি, ২০২৩ সকাল ৯.০০টা থেকে ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ বিকাল ৪.০০ টার মধ্যে দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার জন্য গৃহীত হবে।

(মুঃ মোহসিন চৌধুরী)
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
ফোন: ৪৯৩৪৯৩২৩
e-mail:dg@bkkb.gov.bd.

# আবেদন করার নিয়মাবলী ও শর্তসমূহ

**(শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে, আবেদনের কোন হার্ডকপি গ্রহণ করা হবে না):**

০১. ১৩-২০ গ্রেডে কর্মরত সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীর সন্তানদের ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য '**শিক্ষাবৃত্তি**' এবং সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীর ৯ম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য '**শিক্ষাবৃত্তি**'র আবেদন করতে পারবেন;

০২. **ঢাকা মহানগরীতে কর্মরত কর্মচারীদের ক্ষেত্রে ঢাকা মহানগর ও বিভাগের কর্মচারীদের ক্ষেত্রে নিজ নিজ বিভাগীয় কার্যালয়ে অনলাইনে আবেদন করতে হবে;**

০৩. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েব সাইট (**www.bkkb.gov.bd** ) এর "**শিক্ষাবৃত্তির অনলাইন আবেদন**" লিংকটিতে ক্লিক করে অথবা ব্রাউজারের এড্রেস বারে **eservice.bkkb.gov.bd** টাইপ করে Enter চাপুন;

০৪. হোম পেজ থেকে "**রেজিস্ট্রেশন**" বাটনে ক্লিক করলে রেজিস্ট্রেশনের ১ম ধাপ এ কর্মচারী সনাক্তকরণ নামে একটি পাতা আসবে। ১৩-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তির আবেদন করার জন্য কর্মচারীর ধরন "**কর্মরত**" এবং কর্মচারীর কর্মক্ষেত্রের ধরন পছন্দ করতে হবে। উল্লেখ্য কর্মচারীর ধরন "**কর্মরত**" এবং কর্মচারীর কর্মক্ষেত্রের ধরণ "**রাজস্বখাতভুক্ত**" বাছাই করলে পে-ফিক্সেশন নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর দিতে হবে;

০৫. সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে **"অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত"** পছন্দ করতে হবে। উল্লেখ্য কর্মচারীর ধরন **"অক্ষম/ মৃত/ অবসরপ্রাপ্ত"** বাছাই করলে কোন পে-ফিক্সেশন নম্বর লাগবে না, শুধু জাতীয় পরিচয়পত্র নম্বর দিতে হবে;

০৬. ১৩-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীগণকে অর্থ বিভাগের **পে-ফিক্সেশন এর ভেরিফিকেশন নম্বর ও** বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীগণ **জাতীয় পরিচয়পত্র নম্বর (১৭ ডিজিটের) পূরণ করার পর "পরের ধাপ" নামক বাটনে ক্লিক করবে। ধাপ-২ বিস্তারিত তথ্য নামে পাতা আসবে এবং সেখানে "রাজস্বখাতভুক্ত" কর্মচারীর নাম বাংলা ও ইংরেজিতে, জন্ম তারিখ, লিঙ্গ এবং মোবাইল নম্বর পূরণীয় অবস্থায় আসবে কিন্তু প্রয়োজন অনুসারে মোবাইল নম্বর এডিট করা যাবে।** তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীর ক্ষেত্রে এই সকল তথ্যসমূহ পূরণ করতে হবে। অন্যান্য তথ্যাদি দিয়ে "**রেজিস্ট্রেশন করুন**" বাটনে ক্লিক করার পর আপনার মোবাইল নম্বরে **৬ ডিজিটের একটি ভেরিফিকেশন কোড** যাবে। এই কোড নম্বরটি দিয়ে "**যাচাই করুন**" বাটনে ক্লিক করলে "**অভিনন্দন, আপনার নিবন্ধন সফলভাবে সম্পূর্ন হয়েছে**" এই ম্যাসেজটি দেখাবে। কোড প্রদানের সময়সীমা ১৫ মিনিট। **মোবাইল নম্বর ভুল হলে সঠিক মোবাইল নম্বর দেয়ার অপশন আছে সেক্ষেত্রে পূর্বে প্রদত্ত মোবাইল নম্বরটি উপরে প্রদর্শন করবে।** অনলাইনে আবেদন করার জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে একবারই রেজিস্ট্রেশন করতে হবে;

০৭. সফটওয়্যারে লগইন করার জন্য হোম পেজ থেকে "**লগইন**" বাটনে ক্লিক করে **মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড** দিয়ে লগইন করতে হবে;

০৮. শিক্ষাবৃত্তির আবেদন করার জন্য "**শিক্ষাবৃত্তির আবেদন করতে এইখানে ক্লিক করুন**" এই লিংকটিতে ক্লিক করে **নির্দেশাবলী** অনুযায়ী পরবর্তী ধাপে আবেদন ফরম পূরণ করতে হবে;

০৯. আবেদন ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করে **কর্মচারীর ছবি ও স্বাক্ষর স্ক্যান করে আপলোড করতে হবে।**

১০. ফরম যথাযথভাবে পূরণ করে "**সংরক্ষণ করুন**" বাটনে ক্লিক করে আবেদন প্রিন্ট করুন, সংশোধন করুন, ডাউনলোড করুন ৩টি বাটন পাবেন;

১১. আবেদন ফরম প্রিন্ট করার পর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল, অফিস কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল এবং স্মারক নং ও তারিখ দিয়ে পূর্ণাঙ্গ পূরণকৃত ফরমের স্ক্যান কপি ও ছাত্র/ ছাত্রী **বিগত বাৎসরিক/ বোর্ড/ সেমিস্টার/ টার্ম ফাইনাল যে পরীক্ষায় পাস করেছে তার মূল মার্কশীট এর ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক/ শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক কর্তৃক সত্যায়িত করে স্ক্যান কপি** এবং কর্মচারী অবসরপ্রাপ্ত হলে অবসর গ্রহনের আদেশের অথবা মৃত হলে মৃত্যুসনদের সত্যায়িত স্ক্যান কপি "**চূড়ান্তভাবে দাখিল** " বাটনে ক্লিক করে দাখিল করতে হবে। আবেদনটি সফলভাবে দাখিল হলে আবেদনকারী তাঁর মোবাইল ফোনে **আবেদন গ্রহণের ডায়েরি নম্বর ও তারিখ সম্বলিত একটি ক্ষুদেবার্তা** পাবেন এবং পরবর্তীতে অনলাইনে লগইন করে তার আবেদনের অবস্থা সম্পর্কে জানতে পারবেন;

১২. স্বামী/স্ত্রী উভয়ই সরকারি চাকরিতে কর্মরত হলে কেবল একজনই সন্তানদের '**শিক্ষাবৃত্তি**' লাভের জন্য আবেদন করতে পারবেন;

১৩. চাকরিরত, অনিয়মিত এবং বিবাহিত এরূপ ছাত্র/ ছাত্রীগণ এ '**শিক্ষাবৃত্তি**' লাভের যোগ্য নন;

১৪. ১৩-২০ গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীর সন্তানদের '**শিক্ষাবৃত্তি**' পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীকে পূর্ববর্তী বাৎসরিক/বোর্ড/সেমিস্টার/টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ/সিজিপিএ অর্জন করতে হবে:

| শ্রেণি | 'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্যতা |
|---|---|
| মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি) অথবা সমমানের | জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর |
| উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ) অথবা সমমানের | জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর |
| উচ্চশিক্ষা (স্নাতক- স্নাতকোত্তর) অথবা সমমানের | নূন্যতম সিজিপিএ ২.৫ |
| এমবিবিএস/প্রকৌশলী | নূন্যতম সিজিপিএ ২.৫ |

১৫. **সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার অক্ষম/ অবসরপ্রাপ্ত/ মৃত কর্মচারীর** সন্তানদের '**শিক্ষাবৃত্তি**' পাওয়ার জন্য বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীকে পূর্ববর্তী বার্ষিক/বোর্ড/সেমিস্টার/ টার্ম ফাইনাল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে নিম্নবর্ণিত জিপিএ/সিজিপিএ অর্জন করতে হবে:

| শ্রেণি | 'শিক্ষাবৃত্তি' পাওয়ার যোগ্যতা |
|---|---|
| মাধ্যমিক (নবম-দশম শ্রেণি) অথবা সমমানের | জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর |
| উচ্চ মাধ্যমিক (একাদশ- দ্বাদশ) অথবা সমমানের | জিপিএ ৩ অথবা গড়ে ৫০% নম্বর |
| উচ্চশিক্ষা (স্নাতক- স্নাতকোত্তর) অথবা সমমানের | নূন্যতম সিজিপিএ ২.৫ |
| এমবিবিএস/প্রকৌশলী | নূন্যতম সিজিপিএ ২.৫ |

১৬. অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে যে কোন সহায়তার জন্য কর্মচারীগণ যে বিভাগে কর্মরত আছেন/ ছিলেন সেই বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীর সাথে যোগাযোগ করুন:

| বিভাগ | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবি | মোবাইল ফোন নম্বর |
|---|---|---|
| ঢাকা মহানগর | জনাব মোঃ আবু হাসান, গবেষণা কর্মকর্তা, ঢাকা | ০১৯২০৮২২৯৩৬ |
| | জনাব সুমাইয়া সায়মা, সহকারী প্রোগ্রামার | ০১৮৫৬২৮৯৪০৫ |
| | জনাব সেলিনা খানম, কল্যাণ কর্মকর্তা (কর্মসূচি) | ০১৫৫২৪৬৮৮২৪ |
| | জনাব তাছনিমা খাতুন, কম্পিউটার অপারেটর | ০১৮৬৯৫০৬৮৩১ |
| | জনাব এ বি এম আনোয়ার হোসেন, কম্পিউটার অপারেটর | ০১৫১৬৭৭১৬১৪ |
| | জনাব শামীমা খাতুন, উচ্চমান সহকারী | ০১৭৭৫৮৬৩২৮৯ |
| ঢাকা বিভাগ | সৈয়দ রিয়াজুল ইসলাম, সহকারী পরিচালক | ০১৭৭৭৫১৬০২৮ |
| | জনাব রোকসানা আক্তার, সহকারী হিসাবরক্ষণ অফিসার | ০১৫৩৫৭৯১৩১৭ |
| | জনাব সীমা মন্ডল, উচ্চমান সহকারী | ০১৭১৬৮৭৭১২৯ |
| চট্টগ্রাম বিভাগ | জনাব নাসির উদ্দিন, কল্যাণ অফিসার | ০১৭১১৯৪১৭৮৩ |
| | জনাব ইমারত হোসেন, কম্পিউটার অপারেটর | ০১৯১৮৪৩৯৫৮৯ |
| রাজশাহী বিভাগ | জনাব মো: আ: হান্নান, কল্যাণ অফিসার | ০১৭১২৫১২৭৯৭ |
| | জনাব মোঃ আবু জর, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক | ০১৭৩৪১১২৬৮৯ |
| খুলনা বিভাগ | জনাব মানিক যোসেফ কস্তা, সহকারী হিসাবরক্ষণ অফিসার | ০১৭১৯১০৫৯২৬ |
| | জনাব মো: খান জাহান আলী, কম্পিউটার অপারেটর | ০১৭৭৮১০৫৮৮৮ |
| | জনাব মনিরা খাতুন, উচ্চমান সহকারী | ০১৭২০৯০২৬৬৮ |
| | জনাব শাহ্জাহান আলী বিশ্বাস, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক | ০১৭৫১৪৪৪৪৩৫ |
| বরিশাল বিভাগ | জনাব সঞ্জীব কুমার সরকার, কল্যাণ অফিসার | ০১৭১৬৩৭৯৯২৭ |
| | রাজিব আহমেদ, হিসাবরক্ষণ অফিসার | ০১৬৩৫০৮৯৪৩৭ |
| সিলেট বিভাগ | জনাব মো: জুয়েল রানা, হিসাবরক্ষণ অফিসার | ০১৯৩২৮৯৭৪৭২ |
| | জনাব মো: আলমগীর হোসেন, সহকারী কল্যাণ অফিসার | ০১৮২৫০৩৪২৭৯ |
| | জনাব মো: আল-আমীন, উচ্চমান সহকারী | ০১৭২৫৩৮১৮২৪ |
| রংপুর বিভাগ | জনাব মোঃ শরিফুল হক প্রধান, সহকারী প্রোগ্রামার | ০১৭২২৩৭৬৩৬৬ |
| | জনাব মোঃ রেজাউর রহমান, হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১৭১৫০৭৫০৬৯ |
| | জনাব আব্দুস সামাদ, কম্পিউটার অপারেটর, | ০১৭৩৭৫২২৮৯০ |
| ময়মনসিংহ | জনাব আব্দুল আউয়াল, সহকারী কল্যাণ অফিসার | ০১৭৩৯০৬৯৯০০ |
| | জনাব মোঃ মাহফুজ মিয়া, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক | ০১৭৯৩৬৬১৪৩৪ |
| | জনাব মুক্তি বেগম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১৫৭১৭৯৫৭৬৯ |